দৈনিক বাংলা

তারিখ ... 26/10/78 ...
পৃষ্ঠা ... ৪ কলাম ... 1 ...

146

# সাভারে জাতীয় স্মৃতি সৌধের মিনারের নকশা নির্বাচন

সাভারে নাম না জানা শহীদদের জন্যে জাতীয় স্মৃতিসৌধের প্রস্তাবিত মিনারের নকশা নির্বাচন করা হয়েছে এবং এর নির্মাণ কাজ শীঘ্রই শুরু হবে। এক জাতীয় প্রতিযোগিতার মাধ্যমে মিনারের নকশা নির্বাচন করা হয়। বিপুল সংখ্যক স্থপতি প্রতিযোগিতায় অংশ নেন।

বাসসর খবরে প্রকাশ, প্রতিযোগিতায় ৩৫টি নকশার মধ্য থেকে ৩টি বাছাই করা হয়।

নির্বাচিত নকশাটি তৈরী করেন সৈয়দ মঈনুল হোসেন এবং তাঁকে ২০ হাজার টাকা পুরস্কার দেয়া হবে। দ্বিতীয় পুরস্কার ১২ হাজার টাকা পাবেন জনাব মোস্তফা মোতহারুল হক। দুটি নকশা একযোগে তৃতীয় পুরস্কার পাবে। এর একটি দাখিল করেছেন জনাব আবু হায়দার ইমামুদ্দিন ও শাহেদা ইমাম এবং অপরটি মেসার্স রবিউল হোসেন, মমিনুল হক ও ইয়াসমিন রহমান। তৃতীয় পুরস্কারের দুইটি নকশার প্রত্যেকটির জন্যে আট হাজার টাকা দেয়া হবে।

সাভারে নাম না জানা শহীদদের জন্যে জাতীয় স্মৃতিসৌধের প্রথম পর্যায়ের নির্মাণ কাজ ইতিমধ্যেই সম্পন্ন হয়েছে এবং দ্বিতীয় পর্যায়ের কাজ এখন দ্রুত এগিয়ে চলেছে।